



১লা আগস্ট ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

সাম্প্রতিক সময়ে শিশু শিক্ষার্থীদের উপর পুলিশের শারীরিক ও মানসিক নির্যাতনের ঘটনায় ব্লাস্টের তীব্র নিন্দা ও প্রস্তাবিত সড়ক পরিবহন আইন দ্রুত প্রণয়নের দাবী জানাচ্ছে

সাম্প্রতিক সময়ে বাস চাপায় শহীদ রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের দুই শিক্ষার্থীর নির্মম মৃত্যুর ঘটনা ও বহু ছাত্রছাত্রীর আহত হওয়ার ঘটনা এবং আজ বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত “নারায়ণগঞ্জে স্কুলছাত্রকে পিটিয়ে পুলিশে দিল শ্রমিকরা” শীর্ষক সংবাদটি ব্লাস্টের নজরে আসে। এ ঘটনার প্রতিবাদে ছাত্রছাত্রীদের আন্দোলনে দেশের বিভিন্ন স্থানে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী শিক্ষার্থীদের উপর যে আঘাত ও নির্যাতন করেছে ব্লাস্ট তার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাচ্ছে। পাশাপাশি সড়কের শৃঙ্খলা প্রতিষ্ঠা এবং যাত্রীদের নিরাপত্তা ও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ন্যায়বিচার নিশ্চিত করতে নাগরিক সমাজ এবং বিশেষজ্ঞদের সুপারিশ অন্তর্ভুক্ত করে প্রস্তাবিত সড়ক পরিবহন আইন দ্রুত প্রণয়নের দাবী জানাচ্ছে ব্লাস্ট।

কোন শিশুকে এ ধরনের শারীরিক ও মানসিক নির্যাতন বাংলাদেশের সংবিধানে বর্ণিত ২৭, ৩১, ৩২ ও ৩৫ (৫) অনুচ্ছেদে বর্ণিত সাংবিধানিক অধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। বিশেষভাবে বাংলাদেশের সংবিধানে ৩৫(৫) অনুচ্ছেদ অনুযায়ী কোনো ব্যক্তিকে নিষ্ঠুর, অমানুষিক বা লাঞ্ছনাকর দণ্ড দেয়া যাবে না। শিশু আইন ২০১৩ এর ৭০ ধারা অনুযায়ী শিশুদের প্রতি শারীরিক ও মানসিক নিষ্ঠুর আচরণ শাস্তিযোগ্য অপরাধ।

ব্লাস্ট এই ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে ও সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছে।

যোগাযোগ

মাহবুবা আক্তার

উপপরিচালক, এডভোকেসি ও কমিউনিকেশন

ফোন: ০১৭৭৬০৬০১১৩